বাংলাদেশ ব্যাংক প্রেস বিজ্ঞপ্তি

BANGLADESH BANK PRESS RELEASE

বার্তা সম্পাদক

.....

ঢাকা।

তারিখ: ২৯ এপ্রিল, ২০১৫।

সূত্র নং: গস/প্রটো/প্রেস/বাং/২০১৫-১৭০

বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২৪.০৯ বিলিয়ন মার্কিন ডলার।

বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ পুনরায় ২৪ বিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করেছে। আজ ২৯ এপ্রিল, ২০১৫ তারিখে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে মা.ড. ২৪.০৯ বিলিয়ন যা গত ২৯ এপ্রিল, ২০১৪ তারিখে ছিল মা.ড. ২০.৩৬ বিলিয়ন। এ সময়ে রিজার্ভের পরিমাণ প্রায় ১৮.২৯% বৃদ্ধি পেয়েছে। বর্তমান রিজার্ভ দিয়ে দেশের ৬ মাসেরও অধিক সময়ের আমদানি দায় পরিশোধ করা সম্ভব। উল্লেখ্য, এর আগে গত ২৬ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ মা.ড. ২৩ বিলিয়ন অতিক্রম করে (মা.ড.২৩.০৩ বিলিয়ন)।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত সময়োপযোগী বিভিন্ন পদক্ষেপের ফলে মার্কিন ডলারের বিপরীতে টাকার স্থিতিশীল বিনিময় হার বজায় থাকায় ও বাংলাদেশ ব্যাংকের রপ্তানি সহায়তা তহবিলের (রপ্তানি উন্নয়ন তহবিল) পরিমাণ ও এর ব্যবহারের আওতা সম্প্রসারণ করায় এবং রপ্তানিকারকদেরকে সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনার ফলে রপ্তানি আয় বৃদ্ধি, প্রবাসী আয়ের সন্তোষজনক প্রবাহ অব্যাহত থাকা, সরাসরি বৈদেশিক বিনিয়োগ ও বেসরকারি খাত কর্তৃক বৈদেশিক উৎস হতে অর্থায়ন গ্রহণের পরিমাণ বৃদ্ধি ইত্যাদির ফলে বৈদেশিক মুদ্রার অন্তঃপ্রবাহ বৃদ্ধি পেয়েছে। এছাড়া, দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধি পাওয়ায় খাদ্য খাতে আমদানির পরিমাণ হ্রাসসহ আন্তর্জাতিক বাজারে খাদ্য পণ্যের দাম ও জ্বালানীর দাম হ্রাস পাওয়ায় সার্বিকভাবে আমদানি ব্যয় হ্রাস পেয়েছে যা বৈদেশিক মুদ্রা রিজার্ভ বৃদ্ধি পাওয়ার অন্যতম প্রধান কারণ। রিজার্ভ স্থিতি বিবেচনায় সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বর্তমানে ভারতের পরেই বাংলাদেশের অবস্থান। ভারতের রিজার্ভ স্থিতি মা.ড. ৩৪৩.২০ বিলিয়ন এবং তৃতীয় স্থানে অবস্থানকারী পাকিস্তানের রিজার্ভ স্থিতি মা.ড. ১৭.৪৯ বিলিয়ন।

রিজার্ভের বর্তমান স্থিতি দ্বারা বাংলাদেশের পক্ষে ইন্টার্নাল বা এক্সটার্নাল যে কোন অর্থনৈতিক ংযড়পশ মোকাবেলা করা সম্ভব হবে। তথাপি, দেশের সামগ্রিক অর্থনীতির বিবেচনায় বর্তমান মজুদ স্বস্তিদায়ক হলেও এ মজুদ আরো বৃদ্ধির প্রয়োজনীয়তা রয়েছে। সে লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। বৈদেশিক মুদ্রার যথেষ্ট মজুদ একদিকে যেমন দেশের উন্নততর সার্বভৌম রেটিং প্রাপ্তিতে সহায়ক ভূমিকা পালন করে সরকারি/বেসরকারি পর্যায়ে অপেক্ষাকৃত কম সুদে ঋণ গ্রহণ করতে পারে। অন্যদিকে বৈদেশিক মুদ্রা বিনিয়োগ আকর্ষণেও উল্লেখযোগ্য ভূমিকা রাখে। রিজার্ভ বৃদ্ধির কারণে মার্কিন ডলারের বিপরীতে বাংলাদেশী টাকা স্থিতিশীল থাকবে বা পূর্বের তুলনায় শক্তিশালী হবে।

স্ক্রল সংবাদ: বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ এ যাবৎ কালের সর্বোচ্চ ২৪.০৯ বিলিয়ন মার্কিন ডলার। সার্কভুক্ত দেশে যা দ্বিতীয় সর্বোচ্চ।

ধন্যবাদান্তে,

এ.এফ.এম. আসাদুজ্জামান
মহাব্যবস্থাপক, গভর্নর সচিবালয়
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।
Phone: 9566209 / 01711564680
E-mail: afm.asad@bb.org.bd / afm.asad@gmail.com